

**মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদের স্মরণে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে
বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত**



গত ১৮ জুলাই মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদের স্মরণে সারাদেশে একযোগে ৩০ লক্ষ বৃক্ষরোপণ কর্মসূচি ২০১৮ এর শুভ উদ্বোধন ঘোষণা করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই আলোকে ১৯ জুলাই ২০১৮, বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ করা হয়। বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী, বিভিন্ন বিভাগের শিক্ষক এবং কর্মকর্তাবৃন্দ। এসময় আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেলসহ বিভিন্ন বিভাগের শিক্ষার্থীবৃন্দ।